**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 18-05-2025** **Desk in Charge : SM**
**Time : 7.50 PM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল উত্তরবঙ্গে যাচ্ছেন।

# বিধানসভায় বিজেপির মুখ্য সচেতক, শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ, মুখ্যমন্ত্রীর সফরের সমালোচনা করেছেন।

২/ বাংলাদেশ থেকে কিছু পণ্য আমদানির ওপর ভারত সরকারের নিষেধাজ্ঞার পর উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার ফুলবাড়ি সীমান্তে হাজার, হাজার ট্রাক আটকে।

৩/ বিকাশ ভবন ঘেরাও কর্মসূচিতে সরকারি সম্পত্তি নষ্ট এবং সরকারী কর্মচারীদের কাজে বাধা দানের অভিযোগে কয়েকজন চাকরী হারা শিক্ষককে তলব করেছে পুলিশ।

৪/ বিজেপির তিরঙ্গা যাত্রাকেই তৃণমূল কংগ্রেস নকল করছে বলে, দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের মন্তব্য।

৫/ রাজ্যের সব জেলাতেই সপ্তাহ জুড়ে বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস।

৬/ পশ্চিম বর্ধমানের লাউদোহা থানার আরতি গ্রামে একটি পরিত্যক্ত বাড়িতে বিস্ফোরণ।

*****************************************************************

বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তিন দিনের সফরে আগামীকাল উত্তরবঙ্গে যাচ্ছেন। কলকাতা থেকে রওনা হয়ে বাগডোগরা পৌঁছে শিলিগুড়িতে সিনার্জি কনক্লেভে যোগ দেবেন। উত্তরবঙ্গের সাত জেলার বিভিন্ন শিল্পপতি ও বনিক সংগঠনের প্রতিনিধিরা সেখানে উপস্থিত থাকবেন।

**মঙ্গলবার** জলপাইগুড়ির ওদলাবাড়িতে এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে তিনি রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা প্রাপকদের হাতে তুলে দেওয়া ছাড়াও বিভিন্ন জেলায় একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

**বুধবার** উত্তরকন্যায় সব জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের নিয়ে মুখ্যমন্ত্রী প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে অংশ নেবেন। **বৃহস্পতিবার** তাঁর কলকাতায় ফেরার কথা।

এদিকে, বিধানসভায় বিজেপির মুখ্য সচেতক, শিলিগুড়ির বিধায়ক **শঙ্কর ঘোষ,** মুখ্যমন্ত্রীর উত্তরবঙ্গ সফরের সমালোচনা করেছেন। তিনি আজ অভিযোগ করেন, সরকারের সামনে যখন নানান সমস্যা, সেই সময় তিনি হাওয়া বদল করতে উত্তরবঙ্গে যাচ্ছেন। মঙ্গলবার শিলিগুড়িতে তিনি মুখ্যমন্ত্রীর কাছে রাজ্যের সামগ্রিক অবস্থা নিয়ে এক গুচ্ছ প্রশ্ন তুলবেন বলেও জানিয়েছেন শঙ্করবাবু।

**********************

বাংলাদেশ থেকে বেশ কিছু পণ্য আমদানির ক্ষেত্রে ভারত সরকারের নিষেধাজ্ঞার পর উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার **ফুলবাড়ি সীমান্তে** হাজার, হাজার ট্রাক আটকে রয়েছে। দুশ্চিন্তায় পড়েছেন ব্যবসায়ীরা।

**মালদার** মহদীপুর স্থলবন্দর দিয়েও সমস্ত ধরনের রেডিমেড পোশাক আমদানি করা বন্ধ করা হয়েছে। এই বন্দর দিয়েই প্রতিদিন বাংলাদেশ প্রায় ১৫ থেকে ২০ লরি পোশাক ভারতে রপ্তানি করত বাংলাদেশ। প্রতি লরি প্রায় দুই লক্ষ টাকা করে ব্যবসা

হতো। আজ থেকে তা’ পুরোপুরি বন্ধ হওয়ায় সীমান্ত এলাকার ব্যবসায়ী এবং রপ্তানিকারকরা বেশ কিছুটা সমস্যায় পড়বেন বলে মনে করা হচ্ছে।
মহদীপুর সীমান্তে লোডিং ও আনলোডিং-এর কাজের সঙ্গে যুক্ত শ-তিনেক শ্রমিকের রুজি রোজগারেও টান পরার আশঙ্কা দেখা দিয়েছে।

উল্লেখ্য, বাণিজ্য ও শিল্প মন্ত্রকের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, স্থল বন্দর দিয়ে বাংলাদেশ থেকে কোনো তৈরি পোশাক, সেদেশে তৈরী প্রক্রিয়াজাত খাবার, প্লাস্টিক ও পিভিসি সহ বেশ কিছু পণ্য আমদানির ক্ষেত্রে নিয়ন্ত্রণ জারি করা হয়েছে। তবে, এর মধ্যে কিছু সামগ্রী, যেমন ফল, প্রক্রিয়াজাত খাদ্য, কার্বন ও ফলের রস যুক্ত নরম পানীয়, বস্ত্র এবং বস্ত্র জাত দ্রব্য, প্লাস্টিকের জিনিস, শুধুমাত্র কলকাতা সমুদ্র বন্দর দিয়ে ভারতে প্রবেশ করতে পারবে। অসম, মেঘালয়, ত্রিপুরা, মিজোরাম, চ্যাংরাবান্ধা, ফুলবাড়ি দিয়ে এগুলি আমদানি করা যাবেনা। মাছ, এলপিজি গ্যাস, ভোজ্য তেল এবং চূর্ণ করা পাথরের আমদানির ওপর অবশ্য কোনো নিয়ন্ত্রণ থাকছেনা।

ভারত হয়ে নেপাল ও ভুটানে যাওয়া পণ্যগুলির ক্ষেত্রেও কোনোরকম বিধি নিষেধ থাকছে না।

এদিকে এই নিষেধাজ্ঞার ফলে শিল্প ও বাণিজ্য মহলেও উদ্বিগ্ন ।

জলপাইগুড়ি চেম্বার অফ কমার্সের সেক্রেটারি অভ্র বসু বলেছেন, এর ফলে সাময়িক কিছু সমস্যা হলেও, বৃহত্তর স্বার্থেই সরকারের এই নিষেধাজ্ঞা। কাজেই তা’ মেনে চললে আখেরে ভালই হবে।

( বাইট- অভ্র বসু )

মহদীপুর রপ্তানি অ্যাসোসিয়েশনের সম্পাদক প্রসেনজিৎ ঘোষ’ও বলেছেন, বাংলাদেশে সরকার পরিবর্তনের পর থেকেই সীমান্ত দিয়ে আমদানি রপ্তানিতে কিছুটা প্রভাব পড়েছিল। নতুন এই নির্দেশিকার ফলে এদেশে আর বিশেষ কোনো প্রভাব পড়বে না। তবে বাংলাদেশে ব্যবসায়ী ও রপ্তানিকারকরা কিছুটা সমস্যায় পড়তে পারেন।

**********************

দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমায়, নিষেধাজ্ঞার মধ্যেই সমুদ্রে মাছ ধরার অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। বাজেয়াপ্ত করা হয়েছে তাদের ট্রলারটিও। উদ্ধার হয়েছে ১৩৭ ক্রেট সামুদ্রিক মাছ।
সামুদ্রিক মাছের প্রজনন ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নদী ও সমুদ্রে মাছ ধরার উপর দুমাসের নিষেধাজ্ঞা চলছে। তা সত্ত্বেও বেশ কয়েক'টি ট্রলার নিয়ম ভেঙে পাথরপ্রতিমায় সমুদ্রে মাছ ধরতে যায় বলে অভিযোগ। মৎস্যজীবী সংগঠনের দাবি, এক শ্রেণির অসাধু মৎস্যজীবী এবং ব্যবসায়ী গোপনে মাছ শিকারে বেরিয়ে পড়ছেন। বাজারে সামুদ্রিক মাছও খোলাখুলি বিক্রি হচ্ছে।

**********************

বিকাশ ভবন ঘেরাও কর্মসূচিতে সরকারি সম্পত্তি নষ্ট এবং সরকারি কর্মচারীদের কাজে বাধাদানের অভিযোগে কয়েকজন চাকরিহারা শিক্ষককে তলব করেছে পুলিশ। বৃহস্পতিবার বিকাশ ভবন ঘেরাও কর্মসূচিতে আন্দোলনকারীদের বিরুদ্ধে একাধিক ধারায় মামলা রুজু হয়েছিল। ওই মামলার তদন্তে বেশ কয়েকজন শিক্ষককে ডেকে পাঠিয়েছে বিধাননগর উত্তর থানার পুলিশ। হাজিরা না দিলে গ্রেপ্তার করা হবে বলে নোটিশে জানানো হয়েছে।
আন্দোলনকারীদের তরফে মেহবুব মন্ডল জানিয়েছেন, তাঁরা আইনি পরামর্শ নিচ্ছেন।
অন্যদিকে, বিকাশ ভবনের সামনে অবস্থান কর্মসূচিতে আজ সামিল হয়েছেন দৃষ্টিহীন শিক্ষক শিক্ষিকারা। তাঁরা নিজেদের জীবন যুদ্ধে জয়ী হওয়ার কাহিনী তুলে ধরেন।

**********************

চাকরী হারা আন্দলনকারী শিক্ষক ও শিক্ষিকা দের গত ১৫ই মে বিকাশ ভবনে অবস্থান ও ঘেরাও কর্মসূচির ঘটনায় পুলিশ, স্বতঃপ্রনোদীত হয়ে বিধান নগর নর্থ থানায় একটি একটি মামলা রুজু করেছে।বিধান নগর নর্থ থানার এক আধিকারিক জানায়, কয়েকজনকে নোটিশ দিয়ে আন্দেলনকারীদের ডাকা হয়েছে থানায়, তাদের ধারাবাহিক ভাবে জিগ্যাসাবাদ করা হবে। অভিযোগ, আন্দোলন কারীরা সরকারী

সম্পত্তি নষ্ট, ভাঙচুর করা,সরকারী কর্মীদের আটকে রাখা, এছাড়া হুমকী দেওয়া,ইত্যাদি।

উল্লেখ্য আগামীকাল থেকে এই জিগ্যাসাবাদ চলবে।

**********************

তৃণমূল কংগ্রেস, তাদের দলের দেখানো পথেই চলছে বলে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার দাবি করেছেন। তিনি আজ কেষ্টপুর মোড় থেকে হলদিরাম পর্যন্ত দলের তিরঙ্গা যাত্রায় অংশ নেন। অপারেশন সিঁদুরের সাফল্যে ভারতীয় সেনা কে অভিনন্দন জানিয়ে তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়েছিল। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সুকান্ত বাবু বলেন, বিজেপির পথ অনুসরণ করে তৃণমূল কংগ্রেস তিরঙ্গা যাত্রাও করছে। তবে এই তিরঙ্গা যাত্রা আন্তরিক হওয়া উচিত। জাতীয় পতাকা হাতে নিয়ে রাজ্যকে পশ্চিম বাংলাদেশ হিসেবে গড়ে তোলার পরিকল্পনা করলে সেই তিরঙ্গা যাত্রা অর্থহীন। শ্রী মজুমদার জানান, ভারতীয় সেনার পরাক্রমকে সবার কাছে তুলে ধরতে রাজ্যের বিভিন্ন প্রান্তে বিজেপির পক্ষ থেকে তিরঙ্গা যাত্রা করা হচ্ছে। জলের রাজ্য সভার সাংসদ শমীক ভট্টাচার্য এই পদযাত্রায় উপস্থিত ছিলেন।

এদিকে তিরঙ্গা যাত্রা চলার সময় ভিআইপি রোডে কিছু অংশে রাস্তার সব আলো স্থানীয় প্রশাসন নিভিয়ে দেয় বলে বিজেপির পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে।

**********************

অপারেশন সিন্দুরের সাফল্য এবং ভারতীয় সুরক্ষা বাহিনীকে সম্মান জানিয়ে আজ বর্ধমানে বিজেপি তিরঙ্গা যাত্রার আয়োজন করে। জাতীয় পতাকা হাতে বর্ধমান স্টেশন থেকে ঢলদিঘি মোড় পর্যন্ত তিরঙ্গা যাত্রায় অংশ নেন দলের কর্মী সমর্থকরা। উপস্থিত ছিলেন দলের রাজ্য সাধারণ সম্পাদিকা লকেট চট্টোপাধ্যায়, দলের বর্ধমান সদর সাংগঠনিক জেলা সভাপতি অভিজিৎ তাসহ অন্যান্য নেতৃত্ব। অন্য দিকে তৃনমুল কংগ্রেসের পক্ষথেকে সেনাবাহিনীকে শুভেচ্ছা জানিয়ে
মঙ্গলকোট, রায়না, মেমারি, বর্ধমানে জাতীয় পতাকা নিয়ে পদযাত্রার আয়োজন করাহয়।

অপারেশন সিঁদুরের সাফল্যে সেনাবাহিনীকে অভিনন্দন জানানোর জন্য, আজ বিকেলে পশ্চিম মেদিনীপুরের খড়গপুর শহরে তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। খড়্গাপুর শহরের কৌশল্যা মোড় থেকে চাঁদমারি হাসপাতাল পর্যন্ত এই তিরঙ্গা যাত্রা চলে। জাতীয় পতাকা হাতে, খড়্গাপুর শহরের আবালবৃদ্ধবনিতা এই তিরঙ্গা যাত্রাতে পায়ে পা মেলান।

**********************

ভারতের বীর সেনানী দের প্রতি শ্রদ্ধা, সম্মান জানাতে আজ ফের পদযাত্রায় নেমেছে তৃণমূল কংগ্রেস। কলকাতার মুরারি পুকুরে আজ তারা পদযাত্রা করে। জাতীয় পতাকা নিয়ে ঐ পদযাত্রায় শামিল হন তৃণমূল কংগ্রেসের নেতাকর্মী সমর্থকরা।

**********************

ভাষা, সংস্কৃতি, উৎসব এরকম নানা বৈচিত্র নিয়েই আমাদের দেশ ভারত। আমরা যে ভারতীয় এই পরিচয়টাই এই মুহূর্তে বেশি করে তুলে ধরা প্রয়োজন। বলেছেন পরিচালক অভিনেত্রী সুদেষ্ণা রায়। আকাশবাণীর সামনে তিনি বলেন, যুদ্ধ কখনোই কাম্য নয়, কিন্তু বিচ্ছিন্নতাকামী শক্তি ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে সময় সময় তা অবশ্যম্ভাবী হয়ে ওঠে।

( বাইট সুদেষ্ণা রায়)

**********************

**স্পটলাইট** অনুষ্ঠানে এবারের বিষয় 'অপারেশন সিন্দুর'-এর সাফল্য। আলোচনায় অংশ নিয়েছেন সেনাবাহিনীর প্রাক্তন কর্নেল সব্যসাচী বাগচী এবং বিমানবাহিনীর প্রাক্তন আধিকারিক শ্যামল ভট্টাচার্য। সাক্ষাৎকার নিয়েছেন সন্দীপন দাশগুপ্ত।

অনুষ্ঠানটির **প্রথম পর্ব** শুনতে পাবেন সঞ্চয়িতা প্রচার তরঙ্গে আজ রাত আটটা বেজে ৩০ মিনিটে। একই সঙ্গে আকাশবানী সংবাদের সব সোশ্যাল মিডিয়া পেজে অনুষ্ঠানটি একযোগে প্রচারিত হবে।

**********************

বাতাসে পর্যাপ্ত পরিমাণে জলীয় বাষ্প এবং বঙ্গোপসাগর থেকে সরাসরি দখিণা বাতাস ঢোকায়, রাজ্যের সব জেলায় গোটা সপ্তাহই বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, আজ উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলায় ভারী এবং কলকাতা সহ দক্ষিণ বঙ্গের বিভিন্ন জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি এবং সেই সঙ্গে দমকা হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

( বাইট- সোমনাথ )

এবছর কেরালায় বর্ষা আগে আসার সম্ভাবনা থাকায় এ রাজ্যেও কিছুটা আগে মৌসুমী বায়ু প্রবেশ করতে পারে বলে তিনি জানিয়েছেন।

এদিকে, উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জের পার্শ্ববর্তী এলাকায় আজ হঠাৎ কালবৈশাখী ঝড় ও বৃষ্টির জেরে ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। বিভিন্ন জায়গায় গাছ ভেঙে ও বিদ্যুতের খুটি উপ্‌ড়ে পড়ে। অনেক রাস্তায় জল জমে গেছে।

বৃষ্টির কারণে তাপমাত্রা আজ কিছুটা কমেছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ৬'ডিগ্রি সেলসিয়াস।

সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা প্রায় চার ডিগ্রী নীচে।

**********************

পশ্চিম বর্ধমানের লাউদোহা থানার আরতি গ্রামে একটি পরিত্যাক্ত বাড়িতে আজ সকালে প্রবল বিষ্ফোরণে ছাদের একাংশ ভেঙে পড়ে। এই বিষ্ফোরণে পাশের বাড়ির একটি শিশু আহত হয়। স্থানীয় বাসিন্দাদের দাবি, বাড়িটিতে বোমা মজুত রাখা ছিল।

পুলিশ এলাকাটি ঘিরে তল্লাশি চালাচ্ছে।

**********************

পুরাতত্ত্ব সর্বেক্ষণ– ASI, মিউজিয়াম এবং স্মারকগুলিতে আজ বিনামূল্যে প্রবেশের কথা ঘোষণা করে। নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ দিনটি পালিত হয়।

বর্ধমান বিজ্ঞান কেন্দ্রে ১০ জন মহিলা বিজ্ঞানীর আবক্ষ মূর্তি উন্মোচন ও  ইকো আর্ট প্রদর্শনীর উদ্বোধন করা হয়। মৃত্তিকা  শিল্পের উপর আয়োজন করা হয় একটি কর্মশালার'ও।

এদিকে, মিউজিয়াম দিবসে প্রয়াত হয়েছেন সংগ্রহশালার মাধ্যমে বিজ্ঞানকে জনপ্রিয় করে তোলার অগ্রপথিক সরোজ ঘোষ। মার্কিন যুক্তরাষ্ট্রে তাঁর পুত্রের বাড়িতে আজ সকালে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৯০ বছর।

*********************************************************************